

পরীক্ষা দেওয়ার স্বপ্ন দেখছে অনিক ও হৃদয়

মুহাম্মদ আরিফুর রহমান, ফেনী •
গত বছরের ৫ জানুয়ারি ফেনী সরকারি পাইলট হাইস্কুলের এসএসসি পরীক্ষার্থী মিনহাজ উদ্দিন অনিক এবং শাহরিয়ার হৃদয়ের ওপর ককটেল হামলাকারীদের অবিলম্বে গ্রেপ্তার ও শাস্তির দাবিতে মানববন্ধন করেছেন ফেনীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা। এই কর্মসূচিতে এক বছর পিছিয়ে যাওয়া অনিক ও হৃদয় পুনরায় পরীক্ষা দেওয়ার স্বপ্ন দেখছে বলে বক্তারা জানান। গতকাল সকালে স্কুলের সামনে আয়োজিত মানববন্ধনে এ আশাবাদ ব্যক্ত করা হয়। বিজ্ঞান বিভাগের এ দুই ছাত্র গত বছর এসএসসি পরীক্ষা দেওয়ার কথা ছিল। ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা হোসনে আরা বেগমের সভাপতিত্বে জনপ্রতিনিধি, শিক্ষক ও অভিভাবকরা বক্তব্য রাখেন। এতে সংহতি প্রকাশ করেন বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী, এরপর পৃষ্ঠা ৭, কলাম ৪

পরীক্ষা দেওয়ার স্বপ্ন

(শেষ পৃষ্ঠার পর) অভিভাবক, শিক্ষক, জনপ্রতিনিধি, সাংবাদিক ও বুদ্ধিজীবী সংগঠনের নেতারা। সব বক্তাই রাজনৈতিক দলগুলোর কাছে সহিংস রাজনীতি বন্ধ ও এসএসসি পরীক্ষার্থী অনিক এবং হৃদয়ের ওপর ককটেল হামলাকারীদের গ্রেপ্তার ও শাস্তির দাবি করেন। গত ৫ জানুয়ারি আওয়ামী লীগের 'গণতন্ত্র রক্ষা দিবস' উপলক্ষে বিকাল সাড়ে ৪টায় ফেনীর কেন্দ্রীয় শহীদ মিনারে জনসভা চলছিল। জনসভার পাশ দিয়ে প্রাইভেট পড়ে বাসায় ফিরছিল অনিক ও হৃদয়। এ সময় বোমা হামলায় গুরুতর আহত হয় তারা। তাদের চিকিৎসার ভার প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিয়েছিলেন। দেশের বাইরে তাদের চোখের চিকিৎসা করানো হলে দৃষ্টিশক্তি হারানোর আশঙ্কা থেকে রক্ষা পান এ দুই ছাত্র।